



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
প্রস্তাবনা	০৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	০৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	০৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	০৭,০৮,০৯,১০
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৪,১৫
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৬
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৭
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৮
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৯

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of DPHE, Netrokona)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নকারী অংশ হিসেবে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নেত্রকোণা জেলার আওতাধীন ১০টি উপজেলাসহ পৌর এলাকা এবং গ্রোথ সেন্টারসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলা কার্যালয়ের আওতায় বিগত ৩ (তিন) অর্থবছরে ৮৬০৯টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ২৩টি পুকুর পুনঃখনন, ৩৫২টি কমিউনিটি ল্যাট্রিন, ৩টি উৎপাদক নলকূপ, ৩টি পরীক্ষামূলক নলকূপ, ১৮কি:মি: পাইপলাইন স্থাপন, ১টি পানি শোধনাগার নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

নেত্রকোণা হাওড় অঞ্চলে অবস্থিত যেখানে বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ বাংলাদেশের গড় বৃষ্টিপাতের চেয়ে বেশী। এছাড়া ভারতের মেঘালয়ের পাহাড়ের পাদদেশে হওয়ায় এবং অভিবৃষ্টির ফলে বন্যার সৃষ্টি হয়। এছাড়াও ভূ-গর্ভস্থ পানির উপর মাত্রাতিরিক্ত নির্ভরতার কারণে পানির স্থিতিতলের (Water Table) ক্রমনিম্নমুখিতা, ভূ-গর্ভস্থ সুপেয় পানির জলাধার (Aquifer) এর দুশ্চাপ্যতা ও পাথরের স্তর থাকায় এ অঞ্চলে সুপেয় পানি প্রাপ্তির প্রধান অন্তরায়। ফলে প্রচলিত হস্তচালিত নলকূপের মাধ্যমে নিরাপদ পানির সংস্থান করা সম্ভব হয় না। উক্ত অঞ্চলে লাগসই ও টেকসই প্রযুক্তির উদ্ভাবন করা বিশেষ প্রয়োজন। বিশেষ করে হাওড় অঞ্চলে ও কলমাকান্দা, দুর্গাপুর উপজেলা পাহাড়ী এলাকা হওয়ায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে দ্রুত স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা হাতে নেওয়া প্রয়োজন।

দেশের অন্যান্য স্থানের মতো নেত্রকোণা জেলাতেও পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ীত্ব ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদানপূর্বক পৃথক বাজেট বরাদ্দকরণ। অধিদপ্তরের অন্যান্য স্থানের মতো নেত্রকোণা জেলা দপ্তরের ব্যাপক জনবল সংকট উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে বড় একটি চ্যালেঞ্জ। এছাড়াও সামগ্রিক কাজের মনিটরিং ও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িত করণ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ ব্যবস্থা।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলার আওতাধীন এলাকার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির পাশাপাশি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal) অর্জনের জন্য স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী এবং দীর্ঘমেয়াদী বিভিন্ন ভবিষ্যৎ পরিকল্পনা হাতে নিয়েছে। যেমন প্রতি ৫০ জনের জন্য একটি নিরাপদ পানির উৎস স্থাপন করা; ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরতা কমিয়ে ভূ-পৃষ্ঠস্থ পানির ব্যবহার বৃদ্ধিকরণের নিমিত্তে পুকুর পুনঃখনন, খনন ও সংস্কারের মাধ্যমে নিরাপদ পানির ব্যবস্থা করা; পৌরসভাসমূহের পানি সরবরাহ ব্যবস্থার উন্নতিসাধন করা, ইউনিয়ন পর্যায়ে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন, স্বাস্থ্যসম্মত উন্নত মানের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে জেলার স্যানিটেশন কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন-২২৩৬টি
- পল্লী/পৌর এলাকায় উৎপাদক নলকূপ স্থাপন-২টি
- পল্লী/পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন-২টি
- ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ-২টি
- পল্লী/পৌর এলাকায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ-১০কিঃমিঃ
- পল্লী/পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ-৩টি
- পল্লী এলাকায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন-৮০টি।

স্যানিটেশন :

- পল্লী/পৌর এলাকায় টু ইন পিট/স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ-৮০০টি
- পল্লী/পৌর এলাকায় ইম্পুভড ল্যাট্রিন নির্মাণ-১০টি
- পল্লী/পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ-২২টি
- পল্লী/পৌর এলাকায় পাবলিক টয়লেট নির্মাণ-১০টি
- পল্লী/পৌর এলাকায় ড্রেনেজ নির্মাণ-৫কি.মি